



20 March 2024

**Press Release**

**Tobacco Control Law to be Amended Quickly: Health Minister Assured  
PROGGA-ATMA**

There is no alternative to preventing tobacco-related deaths and reducing illness caused by tobacco use without strengthening the tobacco control law. The Honorable Health Minister Dr. Samanta Lal Sen said this today (20 March 2024, Wednesday) during a meeting with a delegation from PROGGA (Knowledge for Progress) and ATMA (Anti-Tobacco Media Alliance) held at the Secretariat. The Minister also hailed the initiative to amend tobacco control law as "time-befitting" one.

During the meeting, it was informed that currently (as per 2017 WHO report) the prevalence of tobacco use among the adult population (15 y/o and above) stands at 35.3 percent, which is quite concerning. Realizing the extent of tobacco's devastating impact, the Honorable Prime Minister voiced her commitment to build a tobacco-free country by 2040 and accordingly provided the directive to bring time-fitting changes to the tobacco control law. The ongoing amendment process of the Smoking and Tobacco Products Usage (Control) (Amendment) Act 2013 has been taken as a step towards realizing the HPM's directive. Some of the proposals included in the draft amendment are eliminating Designated Smoking Areas (DSAs) in all public places and public transports, banning the display of tobacco products, banning so-called corporate social responsibility (CSR) programs of tobacco companies, banning the sale of loose tobacco products, banning the production, import and sale of e-cigarettes and other vaping products and increasing the area allotted for graphic health warning (GHW) to 90 percent from existing 50 percent.

The attendees of the meeting with the Honorable Health Minister include Mr. Monjurul Ahsan Bulbul, Senior Journalist, Mortuza Haider Liton, Convener of ATMA, Mizan Chowdhury, Co-Convener of ATMA, Mr. MD. Abdus Salam Mia, Bangladesh Program Manager, Campaign for Tobacco-free Kids (CTFK), Mr. ABM Zubair, Executive Director, PROGGA, and Md. Hasan Shahriar, Head of Programs, PROGGA.

Message Sender

**Mehedi Hasan**

PROGGA (Knowledge for Progress)

Cell: 01712061537, 01711309173

Telephone: 48033119



সংবাদ বিজ্ঞপ্তি

প্রজ্ঞা - আত্মার বৈঠক

**তামাক নিয়ন্ত্রন আইন দ্রুত সংশোধনের প্রতিশ্রুতি স্বাস্থ্যমন্ত্রীর**

তামাক ব্যবহারজনিত মৃত্যু রোধ ও ক্ষয়ক্ষতি হ্রাসে শক্তিশালী তামাক নিয়ন্ত্রণ আইনের কোন বিকল্প নেই বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। গবেষণা ও অ্যাডভোকেসি প্রতিষ্ঠান প্রজ্ঞা (প্রগতির জন্য জ্ঞান) এবং অ্যান্টি টোব্যাকো মিডিয়া অ্যালায়েন্স- আত্মার একটি প্রতিনিধি দল আজ ২০ মার্চ ২০২৪ বুধবার সচিবালয়ে স্বাস্থ্যমন্ত্রীর সাথে সাক্ষাৎ করেন। এসময় মন্ত্রী তামাক নিয়ন্ত্রণ আইন সংশোধনীর উদ্যোগকে 'সময়োপযোগী' বলে আখ্যা দেন।

সভায় প্রজ্ঞা ও আত্মার পক্ষ থেকে জানানো হয় বাংলাদেশে ৩৫.৩ শতাংশ প্রাপ্তবয়স্ক মানুষ তামাক ব্যবহার করেন, যা অত্যন্ত উদ্বেগজনক। তামাকের এই ভয়াবহতা রোধে ২০৪০ সালের মধ্যে দেশকে তামাকমুক্ত করার প্রত্যয় ব্যক্ত করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং এলক্ষ্যে তিনি তামাক নিয়ন্ত্রণ আইন যুগোপযোগী করার নির্দেশনা দেন। তামাক নিয়ন্ত্রণ আইনের খসড়া সংশোধনীতে যেসব প্রস্তাব অন্তর্ভুক্ত করা হয়েছে তারমধ্যে রয়েছে সকল পাবলিক প্লেস ও পাবলিক পরিবহনে 'ধূমপানের জন্য নির্ধারিত স্থান' রাখার বিধান বিলুপ্ত করা; বিক্রয়স্থলে তামাকজাত দ্রব্য বা প্যাকেট প্রদর্শন নিষিদ্ধ করা; তামাক কোম্পানির সামাজিক দায়বদ্ধতা কর্মসূচিতে অংশগ্রহণ সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা; সব ধরনের খুচরা বা খোলা তামাকজাত দ্রব্য বিক্রয় নিষিদ্ধ করা; ই-সিগারেট, ভ্যাপিং, হিটেড টোব্যাকো প্রোডাক্টসহ এধরনের সকল পণ্য উৎপাদন, আমদানি ক্রয়-বিক্রয় নিষিদ্ধ করা; এবং তামাকজাত দ্রব্যের প্যাকেট বা মোড়কে সচিত্র স্বাস্থ্য সতর্কবার্তার আকার ৫০ শতাংশ থেকে বৃদ্ধি করে ৯০ শতাংশ করা ইত্যাদি।

বৈঠকে স্বাস্থ্যমন্ত্রীর সাথে আলোচনায় অংশ নেন সিনিয়র সাংবাদিক মনজুরুল আহসান বুলবুল, আত্মার কনভেনর মর্তুজা হায়দার লিটন, কো-কনভেনর মিজান চৌধুরী, ক্যাম্পেইন ফর টোব্যাকো ফ্রি কিডস এর বাংলাদেশ প্রোগ্রামস ম্যানেজার জনাব মো. আব্দুস সালাম মিয়া, প্রজ্ঞার নির্বাহী পরিচালক এবিএম জুবায়ের এবং কর্মসূচি প্রধান মো. হাসান শাহরিয়ার।

বার্তা প্রেরক,

মেহেদী হাসান

প্রজ্ঞা (প্রগতির জন্য জ্ঞান)

মোবাইল: ০১৭১২০৬১৫৩৭, ০১৭১১৩০৯১৭৩

টেলিফোন- ৪৮০৩৩১১৯

ইমেইল: progga.bd@gmail.com